সমকাল

তারিখ ... 29 JUN 2016 ...
পৃষ্ঠা ... 4 ... কলাম ... 2 ...

# শিক্ষাক্ষেত্রে সাফল্য ধরে রাখতে কাজ করুন

—— শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষাক্ষেত্রে অর্জিত সাফল্য অব্যাহত রাখতে সততা, আন্তরিকতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের জন্য সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে শিক্ষা সচিবের সঙ্গে বিভিন্ন অধিদপ্তর, দপ্তর, সংস্থার প্রধানদের ২০১৬-১৭ অর্থবছরের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ আহ্বান জানান।

অনুষ্ঠানে শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইনের সঙ্গে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুন, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ও মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব অশোক কুমার বিশ্বাস, নায়েমের মহাপরিচালক অধ্যাপক হামিদুল হক, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী দেওয়ান মোহাম্মদ হানজালা, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক নারায়ণ চন্দ্র ঘোষসহ বিভিন্ন দপ্তরের প্রধানরা বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে স্বাক্ষর করেন।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী পরিকল্পনা অনুযায়ী বেঁধে দেওয়া সময়সীমার মধ্যে যথাযথ মান সংরক্ষণ করে স্বচ্ছতা ও জবাবদিহির সঙ্গে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের ওপর জোর দেন।